

া সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২২, ১০২৩]

১৫/ বৃষ্টির জন্য দু'আ (১ হাটা ১৫/

পরিচ্ছেদঃ ৬৪৯. দাঁড়িয়ে ইসতিসকার দু'আ করা।

بَابِ الدُّعَاءِ فِي الإسْتِسْقَاءِ قَائِمًا

আরবী

বাংলা

وَقَالَ لَنَا أَبُو نُعَيْمٍ عَنْ زُهَيْرٍ عَنْ أَبِي إِسْحَاقَ خَرَجَ عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ الْأَنْصَارِيُّ وَخَرَجَ مَعَهُ الْبَرَاءُ بْنُ عَازِبِ وَزَيْدُ بُنُ اللَّهِ بْنُ يَزِيدَ الْأَنْصَارِيُّ وَضَيَ اللَّهُ عَنْهُمْ فَاسْتَسْقَى فَقَامَ بِهِمْ عَلَى رِجْلَيْهِ عَلَى غَيْرِ مِنْبَرٍ فَاسْتَغْفَرَ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ يَجْهَرُ بِالْقِرَاءَةِ وَلَمْ يُوبَدُ اللَّهِ بْنُ يَزِيدَ الْأَنْصَارِيُّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আবু নু'আইম (রহঃ) যুহাইর (রহঃ) এর মাধ্যমে আবু ইসহাক (রহঃ) থেকে বর্ণনা করেন যে, আবদুল্লাহ ইবন ইয়াযীদ আনসারী (রাঃ) বের হলেন এবং বারা'আ ইবন আযিব ও যায়েদ ইবন আকরামা (রাঃ)-ও তাঁর সঙ্গে বের হলেন। তিনি মিম্বর ছাড়াই পায়ের উপরে দাঁড়িয়ে তাদের সঙ্গে নিয়ে বৃষ্টির জন্য দু'আ করলেন। তারপর ইস্তিগফার করে আযান ও ইকামাত ব্যতীত সশব্দে কিরাআত পড়ে দু' রাকাআত সালাত আদায় করেন। (রাবী) আবু ইসহাক (রহঃ) বলেন, আবদুল্লাহ ইবন ইয়াযীদ (আনসারী) (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছেন। (কাজেই তিনিও একজন সাহাবী)।

৯৬৭। আবূল ইয়ামান (রহঃ) ... আব্বাদ ইবনু তামীম (রাঃ) তামীম (রাঃ) থেকে বর্ণিত, তাঁর চাচা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী ছিলেন, তিনি তাঁর কাছে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণকে নিয়ে তাঁদের জন্য বৃষ্টির দু'আর উদ্দেশ্যে বের হলেন। তিনি দাঁড়ালেন এবং দাঁড়িয়েই আল্লাহর নিকটে দু'আ করলেন। তারপর কিবলামুখী হয়ে নিজ চাঁদর উল্টিয়ে দিলেন। এরপর তাঁদের উপর বৃষ্টি বর্ষিত হল।



English

Narrated `Abbad bin Tamim:

that his uncle (who was one of the companions of the Prophet) had told him, "The Prophet (ﷺ) went out with the people to invoke Allah for rain for them. He stood up and invoked Allah for rain, then faced the Qibla and turned his cloak (inside out) and it rained."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আব্বাদ ইবনু তামীম (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন